রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৩০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৪-আইন/২০২৬/৩৫৪-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৪৭ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) নিবন্ধিত প্রস্তুতকারক ও সেবা প্রদানকারী ব্যক্তি ফরম **'মূসক-৯.১'** এ, নিবন্ধিত ব্যবসায়ী যাহারা আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৬) অনুযায়ী প্রকৃত সংযোজনের ভিত্তিতে মূসক পরিশোধ করিবেন এবং বাণিজ্যিক আমদানিকারক যাহারা ফাইনাল সেটেলমেন্ট এর মাধ্যমে সরবরাহ করিবেন এবং স্থানীয় ব্যবসায়ী যাহারা হ্রাসকৃত হারে সরবরাহ করিবেন তাহারা ফরম **'মূসক-৯.১.১'** এ মূল্য সংযোজন কর দাখিলপত্র এবং তালিকাভুক্ত ব্যক্তি ফরম **'মূসক-৯.২'** (ক্ষেত্রমতে **'মূসক-৯.২.১')** এ টার্নওভার কর দাখিলপত্র পেশ করিবেন:

তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যবসায়ী কর্তৃক রেয়াতি পদ্ধতিতে আদর্শ হারে সরবরাহ করিলে ফরম **'মূসক-৯.১'** এ দাখিলপত্র পেশ করিবেন।";


মূল্য : টাকা ৪০.০০

(২) ফরম **"মূসক-৪.৩"** এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম **"মূসক-৪.৩"** প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"Mushak-4.3**

Government of the People's Republic of Bangladesh.
National Board of Revenue

**Input-Output Coefficient Declaration**
[See Rule 21]

| **PART - 1: TAXPAYER'S INFORMATION** | | |
|---|---|---|
| Name of the Entity | | |
| Address: | | |
| BIN | | |
| Date of Submission | | |

| **PART - 2: INFORMATION ON OUTPUT *** | | |
|---|---|---|
| a. Date of First Delivery of Goods/Services as per Declared Coefficient * | | |
| b. HS Code of Goods * | | |
| | | |
| c. Description of Goods * | | |
| d. Commercial Description(Including Brand Name if applicable) | | |
| e. Item Code (if applicable) | | |
| f. Unit of Supplies * | | |
| g. Unit Price(BDT) * | | |
| h. MRP (BDT) (if applicable) | | |

| **PART - 3: INPUT INFORMATION *** | | |
|---|---|---|
| a. Please click here to fill in the table of "Details of Raw Materials" * | | |
| b. Total Raw Materials | | |
| c. Please click here to fill in the table of "Areas of Value Addition" * | | |
| d. Total Value Addition Amount | | |

| **PART - 4: DECLARATION *** | | |
|---|---|---|
| Name * | | |
| Designation * | | |
| Mobile Number * | | |
| National ID/Passport Number | | |
| Email | | |

I hereby declare that all the information provided in this form are complete, true & accurate. In case of any untrue/incomplete statement, I may be subjected to penal action under the Value Added Tax and Supplementary Duty Act, 2012or any other applicable Act prevailing at present.

**Special Notes**:

1. Within 15 working days prior to the first delivery of any product or services, the declaration of materials-production co-declaration must be submitted online to the VAT computer system or to the office of the concerned departmental officer.
2. If the price of the product or the total material/raw material changes by more than 7.5%, a new declaration has to be submitted.
3. A copy of the bill of entry or invoice should be attached as an authentic document in support of the purchase materials.

## Sub-form of PART-3: a. Details of Raw Materials

| Good/ Service Code * | Description of Goods /Services* | Description (including Brand name if applicable) * | Quantity including Wastag* | Unit of Supplies * | Purchase Price* | Quantity of Wastage* | Wastage Percentage (%)* | Notes |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

## Sub-form of PART-3: c. Areas of Value Additions

| Value Addition Items* | Value* | Notes |
|---|---|---|
| | | |
| | | |

";

(৩) ফরম "মূসক-৯.২" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-৯.২.১" সন্নিবেশিত হইবে, যথা:—

"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার** **মূসক ৯.২.১**

জাতীয় রাজস্ব বোর্ড

টার্নওভার কর (সহজ) দাখিলপত্র

[ বিধি ৪৭ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য ]

**বাণিজ্যিক আমদানিকারক/হ্রাসকৃত হারে /পরিবেশক বা ডিলার কর্তৃক দাখিলকৃত**

**ক. করদাতার তথ্য** *(Taxpayers Information)*

| বিবরণ | পরিমাণ / তথ্য |
|---|---|
| ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (তালিকাভুক্তি নম্বর) | |
| ব্যবসার নাম | |
| ঠিকানা | |
| করমেয়াদ (মাস/ত্রৈমাসিক) | |
| মোবাইল / ই-মেইল | |

***খ. বিক্রয় তথ্য*** *(Sales Summary)* *টাকায়*

| বিবরণ | পরিমাণ / তথ্য |
|---|---|
| মোট করযোগ্য বিক্রয় (স্থানীয়) | |
| করমুক্ত বিক্রয় (যদি থাকে) | |
| বিক্রয় ফেরত / ছাড় | |
| নেট করযোগ্য বিক্রয় | |

***গ. ভ্যাট হিসাব*** *(Turnover-based)* *টাকায়*

| বিবরণ | পরিমাণ / তথ্য |
|---|---|
| প্রযোজ্য ভ্যাট হার (%) | |
| পরিশোধযোগ্য ভ্যাট | |

***ঘ. পরিশোধ ও সমন্বয়*** *টাকায়*

| বিবরণ | পরিমাণ / তথ্য | |
|---|---|---|
| ট্রেজারি/চালানের মাধ্যমে পরিশোধিত ভ্যাট | | সাবফর্ম |
| উৎসে কর্তিত ভ্যাট (যদি অনুমোদিত) | | |
| সুদ / জরিমানা (যদি থাকে) | | |
| নেট পরিশোধযোগ্য ভ্যাট | | |

*ঙ. তথ্যগত ঘোষণা (শুধু তথ্যের জন্য)*

| বিবরণ | পরিমাণ / তথ্য |
|---|---|
| মোট স্থানীয় ক্রয় | |
| ভ্যাট নিবন্ধিত সরবরাহকারীর নিকট থেকে ক্রয় | |
| মেয়াদ শেষে মজুদ (ঐচ্ছিক) | |

আমি ঘোষণা করছি যে উপরের তথ্যসমূহ সঠিক ও সত্য।

**নাম:** ______________________

**স্বাক্ষর:** ______________________

**তারিখ:** ______________________

**সাব-ফর্ম**

| ট্রেজারি চালান নাম্বার/ ট্রানজেকশন আইডি (ই-পেমেন্টের ক্ষেত্রে) | ব্যাংকের নাম | শাখার নাম | তারিখ | কর পরিশোধের অপারেশনাল কোড | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| সর্বমোট | | | | | | |

";

(৪) ফরম **“মূসক-১২.৯”** এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম **“মূসক-১২.৯”** প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ
………………….

**মূসক-১২.৯**

**সরকারি রাজস্ব আদায়ের উদ্দেশ্যে ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করিবার পরোয়ানা**

[ বিধি ৬৪ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য ]

পরোয়ানা নং ............................., তারিখ:…………

স্মারক নং:……………………., তারিখ:…………

প্রাপক……………………………………

(যে বা যে সকল ব্যাংক ওয়ারেন্ট কার্যকর করিবে তাহার যথাযথ কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা)

যেহেতু, জনাব/মেসার্স .......................... ঠিকানা…...................

মূসক নিবন্ধন নম্বর: ............................ (যদি থাকে)

[প্রযোজ্যটি টিক চিহ্ন দিয়ে নির্বাচন করুন]

(ক) এর নিকট মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর আওতায় কর বাবদ সর্বমোট টাকা ………….. (কথায়)………… টাকা পাওনা রহিয়াছে, এবং যেহেতু জনাব/মেসার্স. ……………………………………উক্ত টাকা অদ্যাবধি পরিশোধ করেন নাই;

(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর আওতায় ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চাহিদা মোতাবেক দলিলাদি সরবরাহে ব্যর্থ হইয়াছেন;

(গ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর বিধান প্রতিপালনে ব্যর্থ হইয়াছেন;

সেহেতু, এতদ্দ্বারা আপনাকে ক্ষমতা ও নির্দেশ দেওয়া যাইতেছে যে, আপনি আপনার ব্যাংকে উল্লিখিত প্রতিষ্ঠানের সকল ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করিবেন এবং দুই কার্যদিবসের মধ্যে মূসক-১২.১০ ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর একটি প্রতিপালন প্রতিবেদন প্রেরণ করিবেন।

প্রকাশ থাকে যে, এই পরোয়ানার একটি অনুলিপি জনাব/মেসার্স ……............ এর বরাবরে প্রেরণ করা হইয়াছে।

আমার স্বাক্ষরে ও দপ্তরের সিলমোহরে ...... সনের ......মাসের ..... তারিখে অত্র পরোয়ানা জারি করা হইল।

ক্ষমতাপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার স্বাক্ষর,
নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা

স্মারক নং.................................., তারিখ: .............

অনুলিপি:

জনাব/মেসার্স . ...............................(করদাতা)
ঠিকানা......................................
মূসক নিবন্ধন নম্বর:................ (প্রযোজ্যমতে) এর নিকট প্রেরণ করা হইল।

ক্ষমতাপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার স্বাক্ষর ও নাম";

(৫) ফরম **"মূসক-১২.১০"** এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম **"মূসক-১২.১০"** প্রতিস্থাপিত হইবে, যথা:—

"ব্যাংকের লেটারহেড

**মূসক-১২.১০**

**ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করিবার পরোয়ানা প্রতিপালন প্রতিবেদন**

[বিধি ৬৪ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

স্মারক নং- তারিখ:

সূত্র: (ক) পরোয়ানা নং .............................., তারিখ : .............

(খ) তাঁহার দপ্তরের স্মারক নং................., তারিখ : ..............

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের মাধ্যমে প্রেরিত ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করার পরোয়ানাখানা (মূসক-১২.৯) প্রাপ্তির প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং গৃহীত কার্যক্রমের ফলাফল নিম্নে উল্লেখ করা হইল, যথা:—

[প্রযোজ্যটিতে টিক চিহ্ন দিন ও লিখুন]

(১) অত্র ব্যাংকের কোনো শাখায় পরোয়ানাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের কোনো হিসাব খোলা হয় নাই;

(২) সূত্রে বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানের হিসাবে নিম্নরূপ অর্থ সঞ্চিত আছে, যাহা অপরিচালনযোগ্য (Freeze) করা হইল, যথা:

| হিসাবের নাম | হিসাব নম্বর | শাখা | পরোয়ানা জারির তারিখে স্থিতির পরিমাণ | পরোয়ানা প্রাপ্তির তারিখে স্থিতির পরিমাণ | অত্র প্রতিবেদন স্বাক্ষরের তারিখে স্থিতির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

(৩) মন্তব্য:

ইহা আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ
নাম: ...........
পদবি: ............
ফোন:.........
ইমেইল:

প্রাপক:
পরোয়ানা প্রেরণকারী কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা";

(৬) ফরম **"মূসক-১২.১১"** এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম **"মূসক-১২.১১"** প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট

...................................

**মূসক-১২.১১**

**অপরিচালনকৃত (Freezed) ব্যাংক একাউন্ট পরিচালনযোগ্য করিবার আদেশ**

[ বিধি ৬৪ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য ]

সূত্র: (ক) পরোয়ানা নং ...................., তারিখ : .............. (মূসক-১২.৯)

(খ) তাঁহার দপ্তরের স্মারক নং......., তারিখ : ............. (মূসক-১২.১০)

যেহেতু সূত্রে-উল্লিখিত পরোয়ানার প্রেক্ষিতে পরোয়ানা জারির উদ্দেশ্য সাধিত হইয়াছে এবং যেহেতু জনাব/মেসার্স..................................... এর ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য রাখিবার আর কোনো প্রয়োজন নাই;

সেহেতু এতদ্বারা জনাব/মেসার্স............................................ এর নিম্নবর্ণিত ব্যাংক একাউন্ট পরিচালনযোগ্য করিবার জন্য আদেশ প্রদান করা হইল, যথা:

| হিসাবের নাম | হিসাব নম্বর | শাখা | ব্যাংক | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

আমার স্বাক্ষরে ও দপ্তরের সিলমোহরে ......... সনের ............. মাসের ........... তারিখে অত্র আদেশ জারি করা হইল।

ক্ষমতাপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার স্বাক্ষর,
নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা

প্রাপক:
(যেসকল ব্যাংক ওয়ারেন্ট কার্যকর করিয়াছে তাহার যথাযথ কর্মকর্তা বরাবর)

স্মারক নং-..........................................., তারিখ : ...............

অনুলিপি:
জনাব/মেসার্স .............................................................(করদাতা)
ঠিকানা..................................................এর নিকট প্রেরণ করা হইল।"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৫-আইন/২০২৬/৩৫৫-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৭-আইন/২০২৬/৩৩২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 55.01 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| 69.02 | 6902.10.00 | **Refractory bricks, blocks, tiles and similar refractory ceramic**: Containing by weight, singly or together, more than 50% of the elements Mg, Ca or Cr, expressed as MgO, CaO or $Cr_2O_3$ |
| | 69.02.2020 | **Refractory bricks, blocks, tiles and similar refractory ceramic:** Containing by weight more than 50% of alumina ($Al_2O_3$), of silica ($SiO_2$) or of a mixture or compound of these products |

”;

(খ) টেবিল-৪ (সেবা পর্যায়) এর—

(অ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০০৭ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| S০০৭ | S০০৭.১০ | **বিজ্ঞাপনী সংস্থা:** পত্রিকায় প্রকাশিত মৃত্যু সংবাদ |

”;

(আ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩৭ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৩৭.০০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত অনুচ্ছেদ (ড) এর পর নিম্নরূপ অনুচ্ছেদ (ণ) সংযোজিত হইবে, যথা:—

"(ণ) সকল প্রকার মাছ সরবরাহ"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৬-আইন/২০২৬/৩৫৬-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৯-আইন/২০২৬/৩৩৪-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০৩ ও ২৪.০৪ এর বিপরীতে কলাম (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“
| | | |
|---|---|---|
| জর্দা | প্রতি দশ গ্রাম ৪৮ টাকা ও তদূর্ধ্ব | ৫৫ |
| গুল | প্রতি দশ গ্রাম ২৫ টাকা ও তদূর্ধ্ব | ৫৫ |
| Nicotine Pouch | প্রতি দশ গ্রাম ৫০০ টাকা ও তদূর্ধ্ব | ৩৫ |
| Heated Tobacco | ২১০ টাকা ও তদূর্ধ্ব (দশ শলাকার প্রতি প্যাকেট) | ৬৭ |

”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৭-আইন/২০২৬/৩৫৭-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৭-আইন/২০২৬/৩৪২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "8702.40.00, 8703.21.31, 8703.22.14, 8703.22.21, 8703.22.24, 8703.23.21, 8703.23.24, 8703.23.41, 8703.23.44, 8703.23.61, 8703.23.63, 8703.31.21, 8703.31.41, 8703.31.44, 8703.32.21, 8703.32.24, 8703.32.41, 8703.32.44, 8703.32.61, 8703.32.64, 8703.60.11, 8703.60.15, 8703.60.21, 8703.60.25, 8703.60.31, 8703.60.35, 8703.70.11, 8703.70.15, 8703.70.21, 8703.70.25, 8703.70.31, 8703.70.35, 8703.80.00, "8703.40.11, 8703.40.21, 8703.40.31, 8703.40.41, 8703.50.11, 8703.50.21, 8703.50.31, 8703.50.41, 8703.90.13 ও 8704.60.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ৩০০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড গাড়ি, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য থ্রি-হুইলার ও ফোর হুইলার ইলেকট্রিক ভেহিক্যাল, ইলেকট্রিক বাস ও ইলেকট্রিক ট্রাককে," এন্ট্রিসমূহের পরিবর্তে "8702.40.00, 8703.21.31, 8703.22.14, 8703.22.21, 8703.22.24, 8703.22.41, 8703.22.44, 8703.23.21, 8703.23.24, 8703.23.41, 8703.23.44, 8703.23.61, 8703.23.63, 8703.31.21, 8703.31.41, 8703.31.44, 8703.31.61, 8703.31.64, 8703.32.21, 8703.32.24, 8703.32.41, 8703.32.44, 8703.32.61, 8703.32.64, 8703.33.21, 8703.33.23, 8703.60.11, 8703.60.15, 8703.60.21, 8703.60.25, 8703.60.31, 8703.60.35, 8703.60.41, 8703.60.45, 8703.70.11, 8703.70.15, 8703.70.21, 8703.70.25, 8703.70.31, 8703.70.35, 8703.70.41, 8703.70.45, 8703.80.00, 8703.40.11, 8703.40.21, 8703.40.31, 8703.40.41, 8703.50.11, 8703.50.21, 8703.50.31, 8703.50.41, 8703.90.13, 8704.21.13, 8704.21.14, 8704.21.29 ও 8704.60.00 এর বিপরীতে কলাম

(3) এ বর্ণিত ৩০০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড গাড়ি, PHEV, ডাবল কেবিন পিকআপ, মাইক্রোবাস, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য থ্রি-হুইলার ও ফোর হুইলার ইলেকট্রিক ভেহিক্যাল, ইলেকট্রিক বাস ও ইলেকট্রিক ট্রাককে,” এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৮-আইন/২০২৬/৩৫৮-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এর—

(অ) ক্রমিক নং ০৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | |
|---|---|---|---|
| ০৬. | S007.10 | বিজ্ঞাপনী সংস্থা | ১৫% |
| | S007.20 | অনলাইন বিজ্ঞাপন | ৫% |

”;

(আ) ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | | |
|---|---|---|---|
| ৪১. | S083.00 | সেমিকন্ডাক্টর এসেম্বলি, টেস্টিং ও প্যাকেজিং সেবা | ১৫% |

”;

(ই) ক্রমিক নং ৪১, ৪২, ৪৩ ও ৪৪ ক্রমিক নং ৪২, ৪৩, ৪৪ ও ৪৫ হিসেবে পুনসঞ্জায়িত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৩) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে—

(ক) আইনের ধারা ২০ অনুযায়ী ‘সেবা আমদানির’ বিপরীতে প্রযোজ্য মূসক পরিশোধের দায়ভার সেবা গ্রহীতার উপর বর্তাইবে অর্থাৎ উক্ত পরিশোধিত মূসক আমদানিকারকের উৎপাদ-কর। আমদানিকৃত সেবার আংশিক বা পূর্ণ মূল্য, কোন ব্যাংক বা

আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন অনুমোদিত ডিলার এর মাধ্যমে পরিশোধকালে উক্ত সেবার বিপরীতে প্রযোজ্য মূসক ব্যাংক আমদানিকারকের পক্ষে আমদানিকারকের সংশ্লিষ্ট সার্কেল কোড বা অর্থনৈতিক কোডে জমা প্রদান করিয়া ট্রেজারি চালানের একটি কপি আমদানিকারককে প্রদান করিবেন। উক্ত ট্রেজারি চালান আমদানিকারকের জন্য একটি কর চালানপত্র হিসেবে বিবেচিত হইবে।

(খ) সেবা আমদানিকারক সেবা আমদানির বিপরীতে প্রদেয় উৎপাদ কর দাখিলপত্রের তৃতীয় অংশে (Supply- Output Tax) এবং প্রদেয় কর সরকারী কোষাগারে পরিশোধের বিপরীতে দাখিলপত্রের নবম অংশের (Treasurey Deposit) নোট-৫৮ এ এন্ট্রি প্রদান করিবেন। আমদানিকৃত সেবা'র বিপরীতে পরিশোধিত মূসক, আইনের ধারা ৪৬ বিধান অনুযায়ী যতটুকু উপকরণ কর হিসেবে রেয়াতযোগ্য তাহা আমদানিকারক দাখিলপত্রের ৪র্থ অংশে (Purchase-Input Tax) এন্ট্রি প্রদানপূর্বক প্রর্দশন করিবেন। উল্লেখ্য, সেবা আমদানিকারকের পক্ষে ট্রেজারি চালান জমা প্রদানকারী ব্যাংক, উক্ত ট্রেজারি চালানের বিপরীতে কোন এন্ট্রি নিজস্ব দাখিলপত্রে প্রদর্শন করিবেন না। তবে, গৃহীত কার্যক্রমের বিপরীতে তিনি কোন ফি, চার্জ বা কমিশন প্রাপ্ত হইলে, দাখিলপত্রের ৩য় অংশে (Supply-Output Tax) গৃহীত ফি/কমিশনের পরিমাণ ও মূসক (প্রযোজ্য ক্ষেত্রে) এর এন্ট্রি প্রদানপূর্বক প্রদর্শন করিবেন।";

(গ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার বিপরীতে মূসকের হার হইবে ১৫ শতাংশ এবং তাহা এ-চালান বা ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধের দায়ভার সেবা গ্রহণকারীর উপর বর্তাইবে। এক্ষেত্রে গৃহীত সেবার বিপরীতে প্রদেয় মূসকের জন্য তিনি দাখিলপত্রের অংশ-৫ এ প্রথমে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন। পরবর্তীতে উক্ত বৃদ্ধিকারী সমন্বয়ের বিপরীতে প্রদেয় মূসকের অর্থ সরকারি কোষাগারে এ-চালান বা ই-পেমেন্টর মাধ্যমে পরিশোধ করিবেন এবং সেবা গ্রহণকারী কর্তৃক দাখিলপত্র প্রদানকালে পরিশোধিত মূসকের প্রমাণক দাখিলপত্রের ট্রেজারি জমার নির্দিষ্ট অংশে প্রদর্শন করিতে হইবে।";

(২) বিধি ৪ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "গণ্য হইবে না" শব্দগুলির পর "এবং কোন ব্যবসায়ী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক পণ্য সরবরাহ করিলে যোগানদার হিসেবে বিবেচিত হইবে না" শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;

(৩) বিধি ৫ এর—

(ক) দফা (খ) এর শর্তাংশে উল্লিখিত "Integrated VAT Administration System (IVAS)" এন্ট্রিগুলির পরিবর্তে "eVAT" এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঝ) এর শেষাংশে উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(গ) দফা (ঞ) এর প্রান্ত:স্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ট), (ঠ) ও (ড) সংযোজিত হইবে, যথা:-

"(ট) নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক যে কোন সরবরাহ;

(ঠ) চুক্তিভিত্তিক উৎপাদক ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক ফরম মূসক-৬.৩ প্রদান করিলে;

(ড) এই বিধিমালার বিধি ৩ এর টেবিল এর কলাম (৩) এ উল্লিখিত সেবা ব্যতীত প্রজ্ঞাপন এসআরও নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর অন্যকোন সেবার ক্ষেত্রে।"।

৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**
প্রথম সচিব (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৯-আইন/২০২৬/৩৫৯-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৯-আইন/২০২১/১৪৬-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির—

(ক) শর্ত (ঙ) এর পর নিম্নরূপ শর্ত (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঙঙ) ইলেক্ট্রিক কুকার, ইন্ডাকশন কুকার ও ইনফ্রারেড কুকার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Metal Frame/Body, Heating Coil ও Plastic Accessories ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;"; এবং

(খ) শর্ত (চ) এর পর নিম্নরূপ শর্ত (চচ) ও (চচচ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চচ) ওয়াটার পিউরিফায়ার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম PP Filter, Wall Mount with power coating, Silicon gasket (IC), EPS foam (IC) ও Plastic Accessories ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;

(চচচ) ওয়াটার হিটার ও গিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Outer body, Inner tank, Hanging clamp, Cork sheet ও Element cover ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬০-আইন/২০২৬/৩৬০-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২৫/৩০২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "কেবল লিথিয়াম (Lithium) ব্যাটারি ও গ্রাফিন (Graphene) ব্যাটারি," এন্ট্রিসমূহের পরিবর্তে "লিথিয়াম (Lithium) ব্যাটারি," এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) শর্তাবলির—

(অ) শর্ত (২) বিলুপ্ত হইবে;

(আ) শর্ত (৩) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) লিথিয়াম ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শর্ত (১) পরিপালন করিতে হইবে;"; এবং

(ই) শর্ত (৫), (৬), (৭) ও (৮) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬১-আইন/২০২৬/৩৬১-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৫-আইন/২০২৫/৩০৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির শর্ত (৭) ও (৮) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬২-আইন/২০২৬/৩৬২-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৫ (পনেরো) শতাংশ হিসেবে মূসক পরিশোধিত রেভিনিউ এর কোনো অংশ বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি)-কে রেভিনিউ শেয়ারিং হিসেবে পরিশোধ করার ক্ষেত্রে উৎসে মূল্য সংযোজন কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৩-আইন/২০২৬/৩৬৩-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রকল্পের আওতায় ১ জুলাই, ২০২৬ তারিখের পর সম্পূর্ণ নূতনভাবে খালি জায়গায় তৈরি করা হয় এইরূপ PPP Port Project এর ক্ষেত্রে সকল আমদানিকৃত সেবার বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর এবং কাস্টম আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতির বিপরীতে আগাম কর (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৪-আইন/২০২৬/৩৬৪-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন)-এর ধারা ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ধারা ১২৬ এর উপ-ধারা (১) ও ধারা ১৩৫-এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর Heading No. 24.01, 24.02, 24.03, 24.04 ও 85.43 এর আওতাধীন বাংলাদেশে উৎপাদিত বা আমদানিকৃত তামাক পণ্য এর আমদানি, উৎপাদন, বিপণন ও বাজারজাতকরণের উপর কার্যকর নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ এবং রাজস্ব সুরক্ষার লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা তামাকজাত পণ্য আমদানি, উৎপাদন, বিপণন ও বাজারজাতকরণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অনাপত্তি সনদ"** বা **"NOC"** অর্থ এই বিধিমালার বিধি ৩ এর অধীন বোর্ড কর্তৃক জারীকৃত অনুমতিপত্র;

(খ) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(গ) **"উৎপাদনকারী"** অর্থ আইনের অধীন নিবন্ধিত তামাকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং চুক্তিভিত্তিক উৎপাদন প্রক্রিয়ায় স্বত্বাধিকারী প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) **"এআর (AR) ভিত্তিক শনাক্তকরণ ব্যবস্থা (Augmented Reality-based Identification System)"** অর্থ এমন একটি ডিজিটাল নিরাপত্তা ও যাচাইকরণ ব্যবস্থা, যাহার মাধ্যমে মোবাইল ডিভাইস বা অন্যান্য ইলেকট্রনিক যন্ত্র ব্যবহার করিয়া তামাক বা তামাকজাত পণ্যের সত্যতা, ট্রেসেবিলিটি, কর পরিশোধের অবস্থা অথবা অন্যান্য প্রাসঙ্গিক তথ্য দৃশ্যমান, যাচাই বা প্রদর্শন করা যায়;

(ঙ) **"ওয়্যারহাউস"** অর্থ কোনো স্থাপনা, ভবন, কক্ষ, স্থান বা সংরক্ষণাগার, যাহা নিজস্ব, ভাড়াকৃত, ইজারাকৃত বা অন্য কোনো বৈধ ব্যবস্থার অধীনে পরিচালিত হয় এবং যেখানে তামাক, তামাকজাত পণ্য, কাঁচামাল, প্যাকেজিং উপকরণ, ট্যাক্স স্ট্যাম্প, ব্যান্ডরোল বা সংশ্লিষ্ট অন্যান্য উপকরণ সংরক্ষণ, মজুদ, গ্রহণ, বিতরণ বা সরবরাহের উদ্দেশ্যে রাখা হয়;

(চ) **"কিউআর (QR) কোড (Quick Response Code)"** অর্থ এমন একটি দ্বিমাত্রিক (two-dimensional) মেশিন-পাঠযোগ্য কোড, যাহাতে তামাক বা তামাকজাত পণ্যের উৎপাদন, আমদানি, কর পরিশোধ, ট্রেসেবিলিটি, সত্যতা যাচাই অথবা অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সংরক্ষিত থাকে এবং যাহা ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে স্ক্যান ও যাচাই করা যায়;

(ছ) **"খুচরা বিক্রেতা (Retailer)"** অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা ব্যবসায়িক সত্তা, যিনি চূড়ান্ত ভোক্তার নিকট সরাসরি তামাক বা তামাকজাত পণ্য বিক্রয় করে;

(জ) **"বিধিমালা"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঝ) **"বোর্ড"** অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(ঞ) **"ডিলার (Dealer)"** অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা ব্যবসায়িক সত্তা, যিনি উৎপাদক, আমদানিকারক, পরিবেশক বা অন্য কোনো অনুমোদিত উৎস হইতে তামাক বা তামাকজাত পণ্য ক্রয় করিয়া নির্ধারিত এলাকায় বিক্রয়, বিতরণ বা সরবরাহ কার্যক্রম পরিচালনা করে;

(ট) **"ডিজিটাল ট্যাক্স আইডেন্টিফায়ার (Digital Tax Identifier)"** অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত কোনো স্বতন্ত্র (unique) ডিজিটাল শনাক্তকরণ নম্বর, কোড, চিহ্ন, টোকেন বা অনুরূপ ইলেকট্রনিক পরিচিতি, যাহা তামাক বা তামাকজাত পণ্যের কর পরিশোধ, উৎপাদন, আমদানি, সরবরাহ, ট্রেসেবিলিটি ও সত্যতা যাচাইয়ের উদ্দেশ্যে ব্যবহৃত হয়;

(ঠ) **"তামাকজাত পণ্য"** অর্থ তামাক, তামাক পাতা বা উহার নির্যাস হইতে প্রস্তুতকৃত যেকোনো দ্রব্য, যাহা চোষণ বা চিবানোর মাধ্যমে গ্রহণ করা যায় বা ধুমপানের মাধ্যমে শ্বাসের সহিত টানিয়া লওয়া যায় বা অন্য কোনোভাবে সেবন করা যায় এবং বিড়ি, সিগারেট, চুরুট, গুল, জর্দ্দা, খৈনী, সাদাপাতা, Nicotine Pouch, Heated Tobacco, ই-সিগারেট, ভেপর, সিগার, হুক্কা বা পাইপের ব্যবহার্য মিশ্রণ (mixture) ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) **"পরিবেশক (Distributor)"** অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা ব্যবসায়িক সত্তা, যিনি উৎপাদক বা আমদানিকারকের নিকট হইতে তামাক বা তামাকজাত পণ্য গ্রহণ করিয়া ডিলার, পাইকার, খুচরা বিক্রেতা বা অন্যান্য অনুমোদিত ক্রেতার নিকট বিতরণ বা সরবরাহ করে;

(ঢ) **"সরবরাহকারী"** বা **"বিপণনকারী"** অর্থ উৎপাদনকারীর নিকট হইতে ক্রয়পূর্বক অথবা আমদানিপূর্বক তামাক পণ্য সরবরাহকারী বা বিপণনকারী বা উহার ডিলার বা ডিস্ট্রিবিউটর;

(ণ) **"Track and Trace"** অর্থ তামাকজাত পণ্যের কাঁচামাল সংগ্রহ হইতে শুরু করিয়া চূড়ান্ত খুচরা বিক্রয় পর্যন্ত প্রতিটি ধাপ পর্যবেক্ষণযোগ্য ও লিপিবদ্ধযোগ্য ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা।

৩। **নতুন কারখানা স্থাপনে অনাপত্তি সনদ।—(১)** তামাকজাত পণ্য উৎপাদনের লক্ষ্যে কারখানা স্থাপনের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান **"পরিশিষ্ট-ক"** অনুযায়ী বোর্ডের নিকট অনাপত্তি সনদ (NOC) এর জন্য আবেদন করিতে হইবে।

(২) বোর্ড আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদন যাচাই করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) অনাপত্তি সনদ প্রদানের পূর্বে বোর্ড নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা:—

(ক) প্রস্তাবিত কারখানার ডিটেইলড লে আউট, সীমানা প্রাচীর ও অন্যান্য অবকাঠামো সংশ্লিষ্ট দলিলাদি;

(খ) প্রতিষ্ঠানটির ট্রেড লাইসেন্স, TIN, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে আর্টিকেল অব মেমোরেন্ডাম;

(গ) মেশিনারিজের তালিকা;

(ঘ) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র;

(ঙ) বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন দলিলাদি।

(৪) বোর্ডের অনাপত্তি সনদ ব্যতিরেকে কোনো নূতন কারখানার জন্য ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) এর আবেদন eVAT সিস্টেমে দাখিল করা যাইবে না।

(৫) বিদ্যমান তামাকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের শাখা নিবন্ধন বা ইউনিট খোলার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

৪। **লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়্যারহাউস ইত্যাদির ক্ষেত্রে নিবন্ধন গ্রহণ।—(১)** তামাক পণ্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্কসহ অন্যান্য শুল্ক করাদি কারখানা পর্যায়েই পরিশোধিত হয় বিধায় কোনো তামাক পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের যে কোনো একটি উৎপাদনকারী কারখানা, লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়্যারহাউস ইত্যাদির মূসক নিবন্ধন একত্রে গ্রহণ করা যাবে অর্থাৎ এক্ষেত্রে ফরম **মূসক-২.১** এ মূল কারখানার সাথে লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়্যারহাউস ইত্যাদি অন্তর্ভুক্ত করে মূসক নিবন্ধন গ্রহণ করা যাইবে।

(২) একই মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের একের অধিক (একই নামে বা ভিন্ন নামে) কারখানা, লিফ প্রসেসিং ইউনিট ডিপো ও ওয়্যারহাউস থাকলে উক্ত একই মালিকানাধীন পৃথক পৃথক মূসক নিবন্ধিত তামাকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান, লিফ প্রসেসিং প্রতিষ্ঠান, ডিপো বা ওয়্যারহাউস এর মধ্যে **'পরিশিষ্ট-খ'** এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ উল্লেখপূর্বক উপকরণ, যন্ত্র এবং যন্ত্রাংশ আদান-প্রদান করা যাবে।

৫। **সর্বোচ্চ খুচরা মূল্যে পণ্য বিক্রয়।—(১)** তামাক পণ্যের স্থানীয় সরবরাহ পর্যায়ে সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হতে সরবরাহের সময় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ করিতে হইবে এবং সর্বোচ্চ খুচরা মূল্যের অধিক মূল্যে কোনো পর্যায়েই তামাকজাত পণ্য বিক্রয় করা যাইবে না। উৎপাদনস্থল হতে যে মূল্যের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ করা হইয়াছে সেই মূল্য অপেক্ষা অধিক মূল্যে তামাকজাত পণ্য সরবরাহ করা হইলে উক্ত অধিক মূল্যের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রযোজ্য হইবে।

(২) তামাকজাত পণ্য উৎপাদনকারী নিজস্ব বা ভাড়াকৃত ওয়্যারহাউজ হইতে বা তামাকজাত পণ্যের ডিলার বা ডিস্টিবিউটার সর্বোচ্চ খুচরা মূল্য অপেক্ষা অধিক মূল্যে তামাকজাত পণ্য সরবরাহ করিলে উৎপাদনকারীকে উক্ত অধিক মূল্যের উপর প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে হইবে।

(৩) কোন খুচরা বিক্রেতা (Retailer) সর্বোচ্চ খুচরা মূল্য অপেক্ষা অধিক মূল্যে তামাকজাত পণ্য বিক্রয় করিলে, খুচরা বিক্রেতা উক্ত অধিক মূল্যের উপর প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধে বাধ্য থাকিবে।

৬। **উপকরণ সংগ্রহ।**— (১) তামাক প্রসেসিং ইউনিট হইতে পণের বিনিময়ে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অপ্রক্রিয়াজাত তামাক স্থানীয়ভাবে বিক্রয়ের ক্ষেত্রে আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর শর্তাংশ অনুযায়ী তৃতীয় তফসিলে উল্লিখিত প্রতি কেজি ৫০ টাকা হারে সুনির্দিষ্ট কর প্রদান করিতে হইবে।

(২) কৃষক এর নিকট হতে কাঁচা তামাক ক্রয়ের ক্ষেত্রে এবং তামাকজাত পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠান ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব তামাক প্রসেসিং ইউনিট হইতে অপ্রক্রিয়াজাত তামাক স্থানীয়ভাবে সংগ্রহের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর আরোপিত হইবে না।

(৩) তামাকজাত পণ্যের যে সকল উপকরণের উপর উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপিত রহিয়াছে (যেমন: বিড়ি পেপার, সিগারেট পেপার, ইত্যাদি) এইরূপ উপকরণ, উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত ভিন্ন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা ট্রেডারের নিকট সরবরাহ বা বিক্রয় করা যাইবে না।

(৪) সম্পূরক শুল্ক আরোপিত রহিয়াছে এরূপ তামাকজাত পণ্যের উপকরণ (যেমন: বিড়ি পেপার, সিগারেট পেপার, ইত্যাদি) উৎপাদনকারী প্রতিষ্ঠান মাস ভিত্তিক উৎপাদন ও বিপণনের তথ্য **"পরিশিষ্ট-গ"** অনুযায়ী সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা বরাবরে প্রেরণ করিবেন।

(৫) তামাকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান বা তাদের মনোনীত চুক্তিভিত্তিক উৎপাদনকারী ব্যতীত ভিন্ন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা ট্রেডার সম্পূরক শুল্ক আরোপিত রহিয়াছে এরূপ তামাকজাত পণ্যের উপকরণ (যেমন: বিড়ি পেপার, সিগারেট পেপার, এ্যাসিটেট টো, ফিল্টার, ইত্যাদি) আমদানি করিতে পারিবে না।

৭। **উপকরণ, যন্ত্র, যন্ত্রাংশ স্থানান্তর এবং উৎপাদিত পণ্য সরবরাহ।**—(১) কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠানের ইউনিটসমূহের (উৎপাদনকারী কারখানা, লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়্যারহাউস) মধ্যে **'পরিশিষ্ট-খ'** এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ উল্লেখপূর্বক উপকরণ, যন্ত্র এবং যন্ত্রাংশ আদান-প্রদান করা যাইবে।

(২) লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়্যারহাউস ইত্যাদি ইউনিটসমূহের অনুকূলে কোনো সরবরাহ গ্রহণের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য হলে সংশ্লিষ্ট তামাক পণ্য উৎপাদনকারী কর্তৃক কারখানার মূসক নিবন্ধনের বিপরীতে উক্ত উৎসে মূসক কর্তন করিতে হইবে।

(৩) তামাক পণ্যের উপর প্রযোজ্য শুল্ক-করাদি যেহেতু উৎপাদন পর্যায়েই আদায় হইয়া থাকে সুতরাং একই মালিকানাধীন একাধিক কারখানার পণ্য উক্ত মালিকানাধীন প্রতিষ্ঠানের যে কোনো ডিপো/ওয়্যারহাউসের মাধ্যমে বাজারে সরবরাহ করা যাইবে।

(৪) যে কোনো কারখানার মূসক নিবন্ধনের মধ্যে বন্ডেড ওয়্যারহাউস অন্তর্ভুক্ত থাকিলে বন্ড সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত শর্তাবলি পরিপালন সাপেক্ষে উক্ত বন্ডেড ওয়্যারহাউসে রক্ষিত ইন-বন্ডকৃত উপকরণ শুল্ক-করাদি পরিশোধ করিয়া এক কারখানা হইতে অন্য কারখানায় **'পরিশিষ্ট-ক'** এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ উল্লেখপূর্বক সরবরাহ করা যাইবে;

৮। **বিতরণকারী নিবন্ধন।**—(১) প্রতিটি উৎপাদনকারী তাহার নিজস্ব মালিকানায় বা নিয়ন্ত্রণে রয়েছে এইরূপ সকল ওয়্যারহাউজ, ডিলার ও ডিস্ট্রিবিউটরের নাম, ঠিকানা ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা সংশ্লিষ্ট মূসক কমিশনারেট-এ দাখিল করিবে।

৯। **ট্যাক্স স্ট্যাম্পের প্রযুক্তিগত বৈশিষ্ট্য।**—বোর্ড, সময় সময় প্রযুক্তিগত উন্নয়ন ও আন্তর্জাতিক সর্বোত্তম চর্চার আলোকে তামাকজাত পণ্যের জন্য ট্যাক্স স্ট্যাম্প, ব্যান্ডরোল, ডিজিটাল ট্যাক্স আইডেন্টিফায়ার, কিউআর (QR) কোড, অগমেন্টেড রিয়েলিটি (AR) ভিত্তিক শনাক্তকরণ ব্যবস্থা অথবা অনুরূপ অন্য কোনো প্রযুক্তির নকশা, আকার, প্রযুক্তিগত বৈশিষ্ট্য, মুদ্রণ, সরবরাহ, ব্যবহার, প্রয়োগ ও যাচাইকরণ পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, নীতিমালা বা আদেশ জারি করিতে পারিবে, আমদানিকৃত তামাকজাত পণ্যের ক্ষেত্রেও বোর্ড উক্ত প্রযুক্তির প্রযোজ্যতা নির্ধারণ করিতে পারিবে।

১০। **ডিজিটাল ব্যবস্থা প্রণয়ন।**—বোর্ড, সময় সময়, নিম্নোক্ত ডিজিটাল ব্যবস্থা প্রণয়নসহ অন্য যেকোনো অত্যাধুনিক ডিজিটাল ব্যবস্থা প্রণয়নের নীতি নির্ধারণ করিতে পারিবে, যথা:-

(ক) কেন্দ্রীভূত ডিজিটাল ট্র্যাক অ্যান্ড ট্রেস সিস্টেম পরিচালনা, যাহার মাধ্যমে কাঁচামাল সংগ্রহ হইতে শুরু করিয়া চূড়ান্ত খুচরা বিক্রয় পর্যন্ত সমগ্র সরবরাহ শৃঙ্খল পর্যবেক্ষণ করা যাইবে;

(খ) তামাক পণ্যের উৎপাদন ও সরবরাহ স্বয়ংক্রিয় ও কেন্দ্রীয়ভাবে পর্যবেক্ষণ করিবার লক্ষ্যে কারখানায় counting device সহ অত্যাধুনিক এআই ক্যামেরা স্থাপন;

(গ) তামাকজাত পণ্যের ক্ষেত্রে QR/AR Code স্থাপন;

(ঘ) বাজার পর্যবেক্ষণের জন্য একটি বিশেষ মোবাইল অ্যাপ্লিকেশন চালু, যাহার মাধ্যমে নাগরিকগণ অবৈধ সিগারেট সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডকে তথ্য প্রদান করিতে পারিবে;

(ঙ) চোরাচালান কিংবা অবৈধ সিগারেটের তথ্য যথাযথ কর্তৃপক্ষকে জানানোর জন্য হুইসেলব্লোয়ার সিস্টেম চালু এবং এই ব্যবস্থার আওতায় সঠিক তথ্যদাতাকে পুরস্কৃত করার বিধান প্রণয়ন।

১১। **সার্বক্ষণিক তদারকি।**—(১) বোর্ড, সকল তামাকজাত পণ্য উৎপাদনকারী, আমদানিকারক, ডিলার ও ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানকে সার্বক্ষণিক ও নিবিড় মনিটরিং এবং রাজস্ব আদায় তদারকি করার লক্ষ্যে একটি নির্দিষ্ট মূসক কমিশনারেট নির্বাচন করিতে পারিবে।

**পরিশিষ্ট-ক**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**নতুন তামাকজাত পণ্য কারখানা স্থাপন/ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদের আবেদনপত্র**

[ বিধি ৩, বিধি ৭(৪) দ্রষ্টব্য ]

| | |
|---|---|
| ১। আবেদনকারীর নাম ও আইনি সত্তা: | |
| ২। নিবন্ধিত ঠিকানা: | |
| ৩। প্রস্তাবিত কারখানার অবস্থান: | |
| ৪। প্রস্তাবিত উৎপাদন ক্ষমতা (বার্ষিক): | |
| ৫। বিনিয়োগের পরিমাণ: | |
| ৬। যোগাযোগের নম্বর / ইমেইল: | |
| ৭। সংযুক্ত দলিলাদির তালিকা: | (ক) ট্রেড লাইসেন্স / ইনকর্পোরেশন সার্টিফিকেট (খ) জমির দলিল বা লিজ চুক্তি (গ) পরিবেশ ছাড়পত্র (ঘ) প্রজেক্ট প্রোফাইল (ঙ) বোর্ড কর্তৃক চাহিত অন্যান্য দলিলাদি। |

আমি, এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপর্যুক্ত সকল তথ্য সত্য ও সঠিক এবং আমি এই বিধিমালার সকল বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিব।

| | |
|---|---|
| তারিখ: ..................................... | **আবেদনকারীর স্বাক্ষর ও সিল** |

**পরিশিষ্ট ‘খ’**

**তামাকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের উপকরণ, যন্ত্র ও যন্ত্রাংশ স্থানান্তরের জন্য ফরম**
[ বিধি ৪(২), বিধি ৭(১) দ্রষ্টব্য ]

প্রতিষ্ঠানের নাম:
প্রতিষ্ঠানের বিআইএন:
প্রেরণকারী ইউনিট/শাখা/পণ্যগারের নাম ও ঠিকানা:

গ্রহীতা ইউনিট/শাখা/পণ্যগারের নাম ও ঠিকানা:

চালান নম্বর:
ইস্যুর তারিখ:
ইস্যুর সময়:

| **ক্রমিক নং** | **উপকরণ/যন্ত্র/ যন্ত্রাংশের নাম** | **পরিমাণ** | **কর ব্যতীত মূল্য** | **প্রযোজ্য করের হার ও পরিমাণ** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** |
| | | | | | |

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:
পদবি:
স্বাক্ষর:
সিল:
ই-মেইল:
ফোন নাম্বার:

| | |
|---|---|
| তারিখ**: ....................................** | নিবন্ধিত উৎপাদনকারীর স্বাক্ষর ও সিল |

**পরিশিষ্ট 'গ'**

**বিড়ি পেপার, সিগারেট পেপার উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিড়ি পেপার, সিগারেট পেপার উৎপাদন এবং সরবরাহের তথ্য সংক্রান্ত ফরম**
[ বিধি ৬(৪) দ্রষ্টব্য ]

সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম:
সরবরাহকারী প্রতিষ্ঠানের বিআইএন:
সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা:

| **ক্রমিক নং** | **পণ্যের নাম** | **সরবরাহের পরিমাণ (কেজি)** | **সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, BIN** |
|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** |
| | | | |

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:
পদবি:
স্বাক্ষর:
সিল:
ই-মেইল:
ফোন নাম্বার:

| | |
|---|---|
| তারিখ**: ...................................** | নিবন্ধিত উৎপাদনকারীর স্বাক্ষর ও সিল |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
চেয়ারম্যান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৫-আইন/২০২৬/৩৬৫-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কোনো ব্যক্তি কর্তৃক শুধুমাত্র সোস্যাল মিডিয়া প্ল্যাটফর্ম, ওটিটি প্ল্যাটফর্ম, অনলাইন মার্কেটপ্লেস, সার্চ ইঞ্জিন বা সমজাতীয় অন্যকোনো অনলাইন মিডিয়ায় বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সেবার কোড S০০৭.২০ এর আওতায় অনলাইন বিজ্ঞাপন সেবার বিপরীতে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৬-আইন/২০২৬/৩৬৬-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের- টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০০৭ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "S০০৭ | S০০৭.০০ | **বিজ্ঞাপনী সংস্থা ও অনলাইন বিজ্ঞাপন** |
| | S০০৭.১০ | **বিজ্ঞাপনী সংস্থা**<br><br>**ব্যাখ্যা।**— "বিজ্ঞাপনী সংস্থা" অর্থ কোনো পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোনো প্রচারণার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোনো নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোনো বিজ্ঞাপন যে কোনো মাধ্যমে বা অন্য কোনো পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তাকরণে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; |
| | S০০৭.২০ | **অনলাইন বিজ্ঞাপন**<br><br>**ব্যাখ্যা।**— "অনলাইন বিজ্ঞাপন" অর্থ ইন্টারনেট বা অনুরূপ ডিজিটাল নেটওয়ার্ক ব্যবহার করিয়া কোনো সামাজিক যোগাযোগ মাধ্যম, ওটিটি (OTT) প্ল্যাটফর্ম, সার্চ ইঞ্জিন, অনলাইন মার্কেটপ্লেস, অন্য কোনো অনলাইন প্ল্যাটফর্মে, বা কোনো পত্রিকার, সাময়িকীর, ম্যাগাজিনের অনলাইন সংস্করণে যে কোনো ধরনের প্রচার, প্রচারণা কিংবা বিজ্ঞাপন প্রদর্শন, সম্প্রচার বা প্রচার করিবার সেবা, এবং কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে উক্তরূপ সেবা সরবরাহ করা হইলে বা সম্পাদিত হইলে, উহা ইহার অন্তর্ভুক্ত হইবে।"। |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**
প্রথম সচিব (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৭-আইন/২০২৬/৩৬৭-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮১-আইন/২০২৫/৩০৯-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের ক্রমিক নং (৫৩) এর প্রান্ত:স্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক নং (৫৪) সংযোজিত হইবে, যথা:—

"(৫৪) **Refractory bricks, blocks, tiles and similar refractory ceramic**: Containing by weight, singly or together, more than 50% of the elements Mg, Ca or Cr, expressed as MgO, CaO or $Cr_2O_3$ (H.S Code 6902.10.00) এবং **Refractory bricks, blocks, tiles and similar refractory ceramic:** Containing by weight more than 50% of alumina ($Al_2O_3$), of silica ($SiO_2$) or of a mixture or compound of these products (H.S Code 6902.20.00) আমদানির ক্ষেত্রে।"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০২৬** তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৭৮ এর উপ-ধারা (২) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা কার্যকর করিবার উদ্দেশ্যে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে কলাম (৩) এ উল্লিখিত এলাকার জন্য মূল্য সংযোজন কর (মূসক) কর্মকর্তা পদে নিয়োগ প্রদান করিল এবং তাঁহারা উক্ত আইনের ধারা ২ এর দফা (৯৭ক) এ সংজ্ঞায়িত সংশ্লিষ্ট কর্মকর্তা বলিয়া গণ্য হইবেন, যথা:—

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। |
| ২। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। |
| ৩। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। |
| ৫। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, চট্টগ্রাম। |
| ৬। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, খুলনা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, খুলনা। |
| ৭। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, যশোর। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, যশোর। |
| ৮। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রাজশাহী। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রাজশাহী। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৯। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রংপুর। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রংপুর। |
| ১০। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, সিলেট। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, সিলেট। |
| ১১। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, কুমিল্লা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, কুমিল্লা। |
| ১২। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা। |
| ১৩। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৪। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা। |
| ১৫। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ১৬। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মংলা কাস্টম হাউস, খুলনা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, মংলা কাস্টম হাউস, খুলনা। |
| ১৭। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, বেনাপোল। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, বেনাপোল। |
| ১৮। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, পানগাঁও। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, পানগাঁও। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৯। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। |
| ২০। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম। |
| ২১। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক মুল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, শুল্ক মুল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ২২। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, বাংলাদেশ কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, বাংলাদেশ কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম। |
| ২৩। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। |
| ২৫। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১। |
| ২৬। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২। |
| ২৭। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম। |
| ২৮। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা। | কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা। |
| ২৯। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |
| ৩১। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। |
| ৩২। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা। |
| ৩৩। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস হাউস (আইসিডি), চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস হাউস (আইসিডি), চট্টগ্রাম। |
| ৩৪। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস হাউস, ভোমরা, সাতক্ষীরা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস হাউস, ভোমরা, সাতক্ষীরা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৫। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, নারায়ণগঞ্জ। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, নারায়ণগঞ্জ। |
| ৩৬। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর। |
| ৩৭। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল। |
| ৩৮। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ। |
| ৩৯। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে পদ ও এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪০। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা। |

০২। এই আদেশ ২৯ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-০৯/মূসক/২০২৬**, তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২১ এর উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোন বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ী কর্তৃক ৫০ (পঞ্চাশ) শতাংশ বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজনপূর্বক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধ করিয়া উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) ঘোষণা প্রদানের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(ক) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;

(খ) উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) ব্যতীত অন্যান্য বিধানাবলী পরিপালন করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
**সদস্য (মূসক নীতি)।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-১০/মূসক/২০২৬**, তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:—

২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় জারীকৃত সকল ফরমসমূহ বাংলা এবং ইংরেজি যে কোন ফরম্যাটে ব্যবহার করা যাইবে। তবে, বাংলা ও ইংরেজি ফরম্যাটে ব্যবহারের ক্ষেত্রে কোন বিরোধের উদ্ভব হইলে বাংলা ফরম্যাট প্রাধান্য পাইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
**সদস্য (মূসক নীতি)।**

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd